

ঢাবির ছাত্র হত্যার পুনর্বিচার দাবি

মধুপুর (টাঙ্গাইল)
প্রতিনিধি

১২ সেপ্টেম্বর, ২০২৪
০০:০০

শেয়ার

অ +

অ -



ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগের নিজেদের মধ্যে সংঘর্ষে ২০১০ সালের ১ ফেব্রুয়ারি রাতে খুন হন মেধাবী শিক্ষার্থী আবু বকর। সেই হত্যাকাণ্ডের পুনর্বিচারের দাবি উঠেছে টাঙ্গাইলের মধুপুরে। গতকাল বুধবার মধুপুর বাসস্ত্যাণ্ডে ছাত্র-শিক্ষক-জনতার মানববন্ধন থেকে এ দাবি তোলা হয়। আবু বকর সিদ্দিক মধুপুর উপজেলার গোলাবাড়ী ইউনিয়নের

গোলাবাড়ী গ্রামের দরিদ্র রুস্তম আলীর ছেলে এবং ঢাবির ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের মেধাবী শিক্ষার্থী ছিলেন।

শহীদ আবু বকর স্মৃতি সংসদ এমন কর্মসূচির আয়োজন করে।

মানববন্ধনে বক্তারা বিচার বিভাগীয় তদন্তের মাধ্যমে দোষীদের আইনের আওতায় এনে পুনরায় বিচারকাজ শুরু দাবি জানিয়েছেন। এ সময় শহীদ আবু বকরের বাবা রুস্তম আলী, বড় ভাই আব্বাস আলী, ছোট ভাই ভাসানী বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ওমর ফারুক ছাড়াও অনেকে উপস্থিত ছিলেন।